

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮২৯

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - রাসূলুল্লাহ (সা.) -এর স্বভাব-চরিত্রের বর্ণনা

اَلْفصنْلُ التَّنِفْ (بَابٌ فِي أَخْلَاقِهِ وَشَمَائِلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم)

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ بْنِ جَزْءٍ قَالَ: مَا رَأَيْتُ أَحَدًا أَكْثَرَ تَبَسُّمًا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَوَاهُ التِّرْمِذِيّ

سنده ضعیف ، رواه الترمذی (3641) * عبدالله بن لهیعة حدث به قبل اختلاطه و لكنه مدلس و عنعن فالسند ضعیف و حدیث الترمذی (3642) یغنی عنه

বাংলা

৫৮২৯-[২৯] 'আবদুল্লাহ ইবনুল হারিস ইবনু জাযই (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -এর চেয়ে বেশি মুচকি হাসির লোক কাউকেও দেখিনি। (তিরমিযী)

ফটনোট

সহীহ: তিরমিয়ী ৩৬৪১, মুসনাদে আহমাদ ১৭৭৫০, গুআবৃল ঈমান ৮০৪৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসটি হতে আমরা বুঝতে পারলাম, মুচকি হাসি হাসা রাসূলুল্লাহ (সা.)-এর সুন্নাত। তিনি (সা.) সবসময় মুচকি হাসি হাসতেন, উচ্চৈঃস্বরে হাসতেন না।

আর মুচকি হাসির উপকারিতাও অনেক। শরীর মন সুস্থ রাখার জন্য মুচকি হাসি খুবই সহায়ক একটি উপকরণ। (সম্পাদকীয়)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু হারিস ইবনু জাযই (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন